

গাফির (আল মু'মিন) | Ghafir (Al-Mu'min) | غَافِرُ(الْمُؤْمِنِ)

আয়াতঃ ৪০ : ৩১

আরবি মূল আয়াত:

مِثْلَ دَابِ قَوْمِ نُوحٍ وَعَادٍ وَثَمُودَ وَالَّذِينَ مِنْ بَعْدِهِمْ ۚ وَمَا اللَّهُ يُرِيدُ
ظُلْمًا لِلْعِبَادِ ﴿٣١﴾

অনুবাদসমূহ:

‘যেমন ঘটেছিল নূহ, ‘আদ ও ছামূদ-এর কওম এবং তাদের পরবর্তীদের। আর আল্লাহ বান্দাদের উপর কোন যুলুম করতে চান না।’ — আল-বায়ান

যা এসেছিল নূহ, ‘আদ, সামূদ জাতি আর তাদের পরবর্তীদের উপর। আল্লাহ তো বান্দাদের উপর যুলুম করতে চান না (বরং তাদের নিজেদের অন্যায় অপকর্মের কারণেই আল্লাহ তাদেরকে শাস্তি দেন)। — তাইসিরুল

যেমন ঘটেছিল নূহের কওম, আদ, সামূদ এবং তাদের পরবর্তীদের ক্ষেত্রে। আল্লাহতো বান্দাদের প্রতি কোন যুলুম করতে চান না। — মুজিবুর রহমান

Like the custom of the people of Noah and of 'Aad and Thamud and those after them. And Allah wants no injustice for [His] servants. — Sahih International

৩১. যেমন ঘটেছিল নূহ, আদ, সামূদ এবং তাদের পরবর্তীদের ব্যাপারে। আর আল্লাহ বান্দাদের প্রতি কোন যুলুম করতে চান না।

-

তাফসীরে জাকারিয়া

(৩১) যেমন ঘটেছিল নূহ, আদ, সামূদ তাদের পরবর্তীদের ক্ষেত্রে।[1] আর আল্লাহ দাসদের প্রতি কোন যুলুম করতে চান না।[2]

[1] উক্ত মু'মিন ব্যক্তি পুনরায় এ ভয় তার জাতিকে দেখাল যে, যদি আল্লাহর রসূলকে মিথ্যা ভাবার উপর আমরা অটল থাকি, তবে আশঙ্কা আছে যে, বিগত জাতিদের ন্যায় আমরাও আল্লাহর আযাবের কবলে পড়ে যাব।

[2] অর্থাৎ, আল্লাহ যাদেরকেই ধ্বংস করেছেন, তাদেরকে তাদের পাপের ও রসূলদেরকে মিথ্যাঞ্জন ও তাঁদের বিরোধিতা করার কারণেই করেছেন। নচেৎ তিনি তো দয়াবান ও মেহেরবান প্রভু। তিনি তাঁর বান্দার উপর যুলুম করার আদৌ ইচ্ছা করেন না। অর্থাৎ, (যালেম) জাতিকে ধ্বংস করা তাদের উপর আল্লাহর কোন যুলুম নয়, বরং

তা প্রতিশোধ, প্রতিদান ও প্রতিফল দেওয়া-পাওয়া নীতির অনিবার্য এমন ফল, যা থেকে কোন জাতি ও ব্যক্তি স্বতন্ত্র নয়। ফার্সী কবি বলেন, ‘প্রতিফল পাওয়ার ব্যাপারে নিশ্চিত হয়ো না; গম বীজ থেকে গম এবং যব বীজ থেকে যবই উৎপন্ন হয়ে থাকে।’

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4164>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন